রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**রাজনৈতিক শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৭ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং ৩২৯-আইন/২০২৫।**—Extradition Act, 1974 (Act No. LVIII of 1974) এর section 4 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার বাংলাদেশি বংশোদ্ভূত যুক্তরাজ্যের নাগরিক দেলোয়ার হোসেন, মাতা: আসিনা বিবি, পিতা: সাকিক মিয়া ওরফে সাকিব মিয়া, সাং-পিরোজপুর, থানা -দক্ষিণ সুরমা, জেলা -সিলেট, স্থায়ী ঠিকানা: সাং-কান্দিগ্রাম, থানা- বিশ্বনাথ, জেলা- সিলেট কর্তৃক কৃত অপরাধের ক্ষেত্রে উক্ত আইনের বিধানসমূহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রযোজ্য করিল, যথা:—

**শর্তাবলি**

(ক) জনাব দেলোয়ার হোসেন কর্তৃক কৃত অপরাধসমূহ Extradition Act, 1974 (Act No. LVIII of 1974) এর বিধান অনুযায়ী প্রত্যর্পণযোগ্য হইতে হইবে;

(খ) রাজনৈতিক বা সামরিক অপরাধের ক্ষেত্রে এইরূপ প্রত্যর্পণ কার্যকর হইবে না;

(গ) যুক্তরাজ্য কর্তৃক আইনত গ্রহণযোগ্য প্রমাণাদি সমর্থিত লিখিত আনুষ্ঠানিক অনুরোধ প্রেরণ করিতে হইবে;

(ঘ) প্রত্যর্পিত ব্যক্তিকে নির্যাতন, অমানবিক আচরণ বা অন্যায্য বিচারের সম্মুখীন করা যাইবে না;



মূল্য : টাকা ৪.০০

(ঙ) কৃত অপরাধের জন্য মৃত্যুদণ্ড প্রযোজ্য হইলে যুক্তরাজ্য কর্তৃক নিশ্চয়তা প্রদান করিতে হইবে যে, তাহাকে শাস্তি লঘু করিয়া যাবজ্জীবন করাদণ্ড প্রদান করা হইবে; এবং

(চ) বাংলাদেশ সরকারের বিবেচনায় প্রত্যর্পণের অনুরোধটি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বা মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকি সম্পর্কিত হইলে সরকার প্রত্যর্পণ প্রত্যাখ্যান করিতে পারিবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং সরকার কর্তৃক রহিত না হওয়া পর্যন্ত ইহা বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনিরুল হাসান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd